যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৪০০

১/ বিবিধ

আরবী

ألا إن رحى الإسلام دائرة، قيل: فكيف نصنع يا رسول الله؟ قال: اعرضوا حديثي على الكتاب، فما وافقه فهو مني، وأنا قلته

ضعيف جدا

أخرجه الطبراني في " المعجم الكبير " (رقم 1429) بإسناد الحديث المتقدم (1384) عن ثوبان

وهو إسناد ضعيف جدا كما سبق بيانه هناك

وعزاه السيوطي في " الجامع الكبير " للطبراني وسمويه عن ثوبان، وأورد في الجامع الصغير " من رواية الطبراني وحده الشطر الثاني منه، وهو اختصار لا وجه له، بل كان عليه أن لا يورده فيه مطلقا، لأن هذا القدر منه باطل يقينا، فإنه من وضع الزنادقة والملاحدة، أوممن تأثر بهم واستجابوا لضلالتهم، شعروا بذلك أولم يشعروا! كطائفة الخوارج والإباضية، ومن جرى مجراهم في تحكيمهم لأهو ائهم، فقد أورده الربيع بن حبيب إمام الإباضية في كتابه الذي سماه بعضهم ـ على قاعدة: يسمونها بغير اسمها ـ: " الجامع الصحيح ـ مسند الإمام الربيع ، واعتمد عليه المسمى عز الدين بليق، فنقل منه أحاديث كثيرة، منها هذا الحديث فأورده في منهاجه الذي سماه على القاعدة المذكورة " منهاج الصالحين (رقم 1387) ، وهو كتاب ضخم عجيب في أسلوب تأليفه أوطريقة جمعه، فإنه عبارة عن فصول مختلفة مسروقة من كتب متعددة مصورة منها تصويرا ببعض الآلات

الحديثة

مثل (الأوفست) ، ولذلك تراه كشكولا من حيث نوعية أحرفه وسطوره، فبعضه كبير وبعضه صغير، وبعضه طويل وبعضه فصير! ! ولذلك نجد فيه من البحوث المتناقضة

العجب العجاب، لأنها لا تمثل رأي ملفقها (بليق) وإنما الذين سرقها منهم ولذلك فمنها النافع ومنها الضار، ومن أبرز ما فيه من النوع الثاني وأسوئه كثرة الأحاديث الضعيفة والموضوعة فيه، ومن مكره إن لم نقل كذبه أنه كساها ثوب الصحة بزعمه في مقدمته: إنه استبعد منه الأحاديث الضعيفة والموضوعة ولذلك كنت شرعت في الرد عليه في هذه الدعوى الكاذبة وغيرها حين وجدت المناسبة

والظروف المواتية، وتعهد بعضهم بنشره، وفعلا نشر من أوله ثلاث مقالات متتابعة في جريدة (الرأي) ، ثم لم يتح لبقيتها النشر لأسباب لا تخفى على أهل العلم، ولقد كان مما انتقدته منها هذا الحديث الباطل المخالف للكتاب والسنة معا كما بينه علماؤنا رحمهم الله تعالى. من ذلك قول ابن عبد البر في " باب موضع السنة من الكتاب وبيانها له " من كتابه القيم " جامع بيان العلم وفضله ، قال (2/190 ـ 191)

" وقد أمر الله عز وجل بطاعته واتباعه أمر مجملا لم يقيد بشيء، كما أمرنا باتباع كتاب الله، ولم يقل: وافق كتاب الله، كما قال بعض أهل الزيغ، قال عبد الرحمن بن مهدي

" الزنادقة والخوارج وضعوا ذلك الحديث.. " فذكره بنحوه ثم قال

" وهذه الألفاظ لا تصح عنه صلى الله عليه وسلم عند أهل العلم بصحيح النقل من سقيمه، وقد عارض هذا الحديث قوم من أهل العلم وقالوا. نحن نعرض هذا الحديث على كتاب الله قبل كل شيء ونعتمد على ذلك، قالوا: فلما عرضناه على كتاب الله وجدناه مخالفا لكتاب الله؛ لأنا لم نجد في كتاب الله أن لا يقبل من حديث

رسول الله صلى الله عليه وسلم إلا ما وافق كتاب الله، بل وجدنا كتاب الله يطلق التأسي به والأمر بطاعته، ويحذر المخالفة عن أمره جملة على كل حال

ولقد أطال النفس في الكلام على طرق هذا الحديث، وبيان بطلانه، وأنه من وضع الزنادقة؛ الإمام ابن حزم رحمه الله تعالى في كتابه " الإحكام في أصول الأحكام " (2/76 ـ 82) فشفى وكفى جزاه الله خيرا، ومن ذلك قوله

" إنه لا يقول هذا إلا كذاب زنديق كافر أحمق، إنا لله وإنا إليه راجعون على عظم المصيبة بشدة مطالبة الكفار لهذه الملة الزهراء، وعلى ضعف بصائر كثير من أهل الفضل يجوز عليهم مثل هذه البلايا؛ لشدة غفلتهم، وحسن ظنهم لمن أظهر لهم الخير

ولقد صدق رحمه الله وأجزل ثوابه، فهذا هو المثال بين يديك، فقد أورده السيوطي في " الجامع الصغير " الذي ادعى في مقدمته أنه صانه عما تفرد به وضاع أوكذاب! ولما ذكره في " الجامع الكبير " (3487) برواية الطبراني أيضا لم يزد على ذلك إلا قوله

وضعف

وتبعه المناوي على ذلك في " شرحيه "! ثم اللجنة الأزهرية القائمة على التعليق على " الجامع الكبير "! فاعتبروا يا أولي الأبصار

বাংলা

১৪০০। সাবধান! ইসলামের চাকা ঘুরপাক খাবে। জিজ্ঞেস করা হলোঃ হে আল্লাহর রসূল! আমরা কী করব? তিনি বললেনঃ তোমরা আমার হাদীসকে কিতাবুল্লাহর উপর পেশ কর। যেটি তার সাথে মিলে যাবে সেটিই আমার থেকে বর্ণিত হয়েছে এবং আমি তাই বলেছি।

হাদীসটি খুবই দুর্বল।

হাদীসটি ত্বারনী "আলমু'জামুল কবীর" গ্রন্থে (১৪২৯) পূর্বে আলোচিত (১৩৮৪) হাদিসের সনদে সাওবান (রাঃ) হতে বর্ণনা করেছেন।

সুয়ূতী হাদীসটিকে “আলজামেউল কাবীর” গ্রন্থে ত্বারানী এবং সামওয়াইহ এর উদ্ধৃতিতে সাওবান (রাঃ) হতে

বর্ণনা করেছেন। আর "আলজামেউস সাগীর" গ্রন্থে ত্বারানীর বর্ণনা হতে শুধুমাত্র দ্বিতীয় অংশটি বর্ণনা করেছেন। তার উচিত ছিল মোটেই উল্লেখ না করা। কারণ হাদীসটি এ পরিমাণ অকাট্যভাবে বাতিল। কারণ তা যিন্দীকরা (ধর্মহীনরা, নাস্তিকরা) অথবা যারা তাদের দ্বারা প্রভাবিত হয়েছে এবং তাদের ভ্রষ্টতায় সাড়া দিয়েছে বুঝে হোক কিংবা না বুঝে হোক তারাই একে তৈরি করেছে। যেমন একদল খারেজী এবং ইবাযিয়্যাহ সম্প্রদায় এবং যারা তাদের মনোবৃত্তিকে অনুসরণ করতে গিয়ে তাদের অনুসরণ করেছে। এ হাদীসটিকে ইমামুলইবাযিয়্যাহ রাবী' ইবনু হারব তার "আল-জামে'উস সাহীহ মুসনাদুল ইমাম রাবী" গ্রন্থে উল্লেখ করেছেন ...।

এ হাদীসটি বাতিল, একই সাথে কুরআন এবং সুন্নাত বিরোধী যেমনটি আমাদের আলেমগণ বলেছেন।

তাদের একজন হচ্ছেন ইবনু আব্দিল বার। তিনি তার "জামেউ বায়ানিল ইলমি অফাযালিহি" গ্রন্থের (২/১৯০-১৯১) "বাবু মাওযাইস সুন্নাতি মিনাল কিতাবে অ বায়ানিহা লাহু" অধ্যায়ে বলেনঃ আল্লাহ্ তা'আলা শর্তহীনভাবে তার নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর আনুগত্য এবং অনুসরণ করার নির্দেশ প্রদান করেছেন যেরূপ তিনি কিতাবুল্লাহর অনুসরণ করার নির্দেশ প্রদান করেছেন। তিনি বলেননি যে, যা কিতাবুল্লাহর সাথে মিলবে (তার অনুসরণ কর) যেমনটি কোন কোন পথভ্রষ্ট বলেছে।

আব্দুর রহমান ইবনু মাহদী বলেনঃ এ হাদীসটি যিন্দীক (নাস্তিক) এবং খারেজীরাই তৈরি করেছে। অতঃপর তিনি বলেনঃ এ শব্দগুলো বিদ্বানদের নিকট নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে সহীহ্ হিসেবে বর্ণিত হয়নি। একদল বিদ্বান বলেছেনঃ সর্ব প্রথম এ হাদীসটিকেই আমরা কিতাবুল্লাহর উপর পেশ করছি এবং আমরা কিতাবুল্লাহর উপর পেশ করে দেখছি যে, এটি কিতাবুল্লাহর সাথে সাংঘর্ষিক, কিতাবুল্লাহ বিরোধী। কারণ কিতাবুল্লাহর মধ্যে এমন কোন নির্দেশনা আমরা পায়নি যে, কিতাবুল্লাহর সাথে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর যে হাদীস মিলবে শুধুমাত্র সেটিকেই গ্রহণ করতে হবে। বরং কিতাবুল্লাহর মধ্যে আমরা যা পাচ্ছি তা হচ্ছে এই যে, কোষ প্রকার শর্ত ছাড়াই ব্যাপকভাবে তার আনুগত্য এবং অনুসরণ করার নির্দেশ প্রদান করা হয়েছে এবং সর্বাবস্থায় তার নির্দেশের বিরোধিতা করার ক্ষেত্রে সাবধান করে দেয়া হয়েছে।

ইমাম ইবনু হাযম "আলইহকাম কী উসূলিল আহকাম" গ্রন্থে (২/৭৬-৮২) বলেনঃ যিন্দীক, মিথ্যুক, কাফির বেকূফ ব্যক্তি ছাড়া অন্য কেউ এ কথা বলতে পারে না। ইন্না লিল্লাহি অইন্না ইলায়হি রাজেউন।

তা সত্ত্বেও সুয়ূতী হাদীসটিকে তার "আলজামেউস সাগীর" গ্রন্থে উল্লেখ করেছেন। যার ভূমিকাতে তিনি বলেছেনঃ তিনি গ্রন্থটিকে এককভাবে জালকারী অথবা মিথুকের বর্ণনা থেকে হেফাযাত করেছেন। আর তিনি যখন "আলজামিউল কাবীর" গ্রন্থে (৩৪৮৭) উল্লেখ করেছেন তখন শুধুমাত্র বলেছেনঃ দুর্বল আখ্যা দেয়া হয়েছে। আর মানবী তার দুগ্রন্থে তার অনুসরণ করেছেন এবং আযহারী কমিটিও তার অনুসরণ করেছেন। জ্ঞানীজনদের জন্য এর মাঝে শিক্ষণীয় বিষয় রয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72279

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন